গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ রাবার বোর্ড
উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম
www.rubberboard.gov.bd

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

**'জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় ডিজিটালাইজেশনের মাধ্যমে স্মার্ট রাবার বাগানে রূপান্তর' শীর্ষক প্রকল্পের প্রণীত ডিপিপি চূড়ান্তকরণ বিষয়ক সেমিনার এর কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দা সারওয়ার জাহান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ** |
| সভার সময় | **সকাল ১১.০০ টা** |
| স্থান | সম্মেলন কক্ষ, বাংলাদেশ রাবার বোর্ড। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

<u>পরিশিষ্ট ক</u>

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। উক্ত সেমিনারে চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড স্বাগত বক্তব্য প্রদান করেন এবং সভা সঞ্চালনা করেন। সেমিনারে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. মনারুল ইসলাম, ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট ও চেয়ারম্যান, এ.এস. ডি কনসালটেন্সি সার্ভিসেস। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কাজী শফিউল আলম, যুগ্মসচিব (অবসরপ্রাপ্ত), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; জনাব মোঃ মোকছেদুর রহমান, যুগ্নসচিব (অবসরপ্রাপ্ত), সদস্য-কারিগরি কমিটি, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম এবং বাংলাদেশ রাবার বোর্ডের উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ।

সভাপতি বক্তব্যের শুরুতেই উক্ত ডিপিপির পটভূমি ও সংশোধন বিষয়ে আলোকপাত করেন। এরপর তিনি মূখ্য আলোচক ড. মনারুল ইসলাম, ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট ও চেয়ারম্যান, এ.এস. ডি কনসালটেন্সি সার্ভিসেস কে তাঁর সংকলিত সংশোধনী অংশ উপস্থাপনের অনুরোধ করেন।

ড. মনারুল ইসলাম সকলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর প্রস্তাবিত খসড়া ডিপিপির সংশোধনী অংশ তুলে ধরেন। এরপর প্রশ্নোত্তরের মাধ্যমে প্রত্যেক অংশে সকলে মতামত প্রদান করেন।

কাজী শফিউল আলম, যুগ্মসচিব (অবসরপ্রাপ্ত) প্রকল্পে প্রস্তাবিত সময়কাল বাড়ানো যাবে কীনা এবং উক্ত প্রকল্পে প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়ে কেমন সময় লাগতে পারে সে বিষয়টি তিনি জানতে চান। উত্তরে মূখ্য আলোচক বলেন, প্রশিক্ষণে ১৫-২০ দিনের বেশি সময় লাগে না। BCCSAP এর থিম $T_6$ $P_2$ আলোচ্য প্রকল্পের সাথে সামঞ্জস্যপূর্ণ বলে সকলকে অবহিত করেন।

চেয়ারম্যান উক্ত প্রণীত খসড়া ডিপিপিতে প্রাক্কলিত বাজেট অতিরিক্ত মর্মে উল্লেখ করেন। উত্তরে মূখ্য আলোচক বলেন কম টাকায় সার্ভার পাওয়া যাবে না। এছাড়াও তিনি প্রণীত প্রকল্পটিকে আরো সুনির্দিষ্ট ও গ্রহণযোগ্য করার জন্য প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ইত্যাদি বিষয়ে অস্পষ্টতা দূরীকরণ ও সুস্পষ্টভাবে প্রকল্পটি তৈরী করে ভবিষ্যতে বাস্তবায়নযোগ্য কীনা সে বিষয়ে আলোকপাত করার অনুরোধ করেন।

এ প্রসঙ্গে কাজী শফিউল আলম, যুগ্মসচিব (অবসরপ্রাপ্ত), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বলেন, এক্ষেত্রে সারণী অনুসরণ করেও এটি করা যায় যেমন- ১। প্রকল্প পরিচালক (বাংলাদেশ রাবার বোর্ড থেকে) ২। মনিটরিং সিস্টেমে কারা থাকবেন ইত্যাদি।

সেমিনারে উপস্থিত সকলে Pre-study বা Pre-Survey করার বিষয়ে মত ব্যক্ত করেন এবং Pre-Survey ছাড়া এ প্রকল্প যৌক্তিক হবে না মর্মে জানান।

উপস্থিত সম্মানিত আলোচক কাজী শফিউল আলম প্রণীত প্রকল্পে টেন্ডার আহ্বান করা যাবে কীনা জানতে চান। তিনি GIS সম্পর্কে বলতে গিয়ে BCC এর হোস্টিং এর বিষয়ে মতামত দেন এবং বলেন প্রকল্পে প্রকল্প পরিচালক বা উপ-প্রকল্প পরিচালক কীভাবে নির্বাচিত হবে তা প্রণীত ডিপিপি তে উল্লেখ নেই। পরে মূখ্য আলোচক উপ-প্রকল্প পরিচালক প্রয়োজন নেই মর্মে জানালে উপস্থিত সকলে তাতে সম্মত হন।

এ প্রসঙ্গে জনাব মোঃ মোকছেদুর রহমান, বাংলাদেশ রাবার বোর্ড থেকে প্রকল্প পরিচালক থাকলে ভাতার ব্যবস্থা থাকবে কীনা জানতে চান এবং উক্ত পদটি সংশ্লিষ্ট একই অফিস থেকে নির্ধারণ করলে ভালো হয় বলে জানান।

সেমিনারে উপস্থিত বিজ্ঞ আলোচকগণ উক্ত প্রকল্পের জন্য Pre-study Survey করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন, প্রকল্পের সাথে বাগান ব্যবস্থাপনা উন্নয়ন যেমন জড়িত তেমনি বাগানের আয় বৃদ্ধির বিষয়টাও অনেক গুরুত্বপূর্ণ। এজন্য বাগানের যথাযথ পরিচর্যার বিষয়টি প্রাধান্য দিতে হবে। যেমন- সঠিক পদ্ধতিতে বাগান করা ও যথাযথভাবে আগাছা পরিস্কার ও সার প্রয়োগ, রাবার গাছের রোগ বালাই দমন করা, টেপিং সঠিকভাবে করা, সবক্ষেত্রে পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা, গুনগত মানসম্পন্ন রাবার উৎপাদন বৃদ্ধি করে। কষ উৎপাদনের অপব্যবহার রোধকল্পে টেপারদের টেপার ব্যবস্থাপনা পদ্ধতি উক্ত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা উচিত বলে সভাপতি জানান। তিনি প্রণীত ডিপিপির Monitoring & Evaluation অংশের Baseline নিয়ে প্রশ্ন উত্থাপন করেন ও এ অংশটি কেন অসম্পূর্ণ তা জানতে চান এবং অসম্পূর্ণ অংশটি সংশোধন করার প্রস্তাব দেন।

এ প্রসঙ্গে জনাব মোঃ মোকছেদুর রহমান বাগান ম্যানেজার এর মনিটর করার কিছু আছে কীনা এবং বাংলাদেশ রাবার বোর্ড ও রাবার বাগানের মধ্যে যোগসূত্র কীভাবে হবে তা জানতে চান। উত্তরে মূখ্য আলোচক বলেন এ প্রকল্পে মূলত দুইটি মনিটরিং সিস্টেম লাগবে। ডিপিপি অনুযায়ী এতে কোন থোক থাকবে না এবং এর একটি সুনির্দিষ্ট ব্যাখ্যা থাকবে।

এ প্রসঙ্গে চেয়ারম্যান বাংলাদেশ রাবার বোর্ড বলেন Integration মন্ত্রণালয়ের মাধ্যমে হবে এবং এক্ষেত্রে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী তা কার্যকর হতে পারে। এরপর তিনি সিসি ক্যামেরা ব্যবহারে অনেক খরচ হবে মর্মে জানান। তিনি বলেন, সিসি ক্যামেরা সম্পূর্ণ বাগানে কভার করা সম্ভব না। আর অসম্পূর্ণ থাকলে তা কাজেও আসবে না, ফলপ্রসু হবে না। সিসি ক্যামেরা কীভাবে আরো দক্ষতার সাথে এ প্রকল্পে ব্যবহার করা যায় তা বের করার নির্দেশনাও তিনি দেন। জীবনচক্র হারানো গাছ অপসারণ, পুনর্বনায়ন ও নতুন বাগান সৃজনের বিষয়গুলো প্রণীত ডিপিপিতে সংযুক্ত করা যেতে পারে বলে তিনি মত ব্যক্ত করেন।

জনাব মোঃ মোকছেদুর রহমান বিভিন্ন ক্যাটাগরি করে (বয়স, উৎপাদনশীলতা ইত্যাদির ভিত্তিতে) গাছগুলো আলাদা করার বিষয়ে তাগিদ দেন। তিনি এক্ষেত্রে ANOVA table করে আলাদা গাছ নির্ধারণ করার পরামর্শ দেন। এটি সুনির্দিষ্ট না হলে এ প্রকল্প বাস্তবায়ন করে উৎপাদনের সঠিক তথ্য পাওয়া যাবে না বলে তিনি উপস্থিত সকলকে অবহিত করেন।

এছাড়াও তিনি জানতে চান কীভাবে গাছে গাছে গিয়ে প্রতিদিন গাছের তথ্য ইনপুট দেওয়া হবে। এটি অনেক কষ্টসাধ্য। এক্ষেত্রে আয়ের চেয়ে ব্যয় বেশি হতে পারে বলে তিনি মনে করেন। এক্ষেত্রে Blockwise গাছ কত কষ দেয় তা গড় করে কাজ করা যেতে পারে বলে তিনি পরামর্শ দেন।

গাছের আকার, বয়স, উৎপাদন ক্ষমতা দেখেই ক্যাটাগরি করার বিষয়টি প্রণীত ডিপিপিতে সংযুক্ত করার পরামর্শ দেন। এছাড়াও তিনি Pre-Survey না করে কাজটি করা যাবে না বলে মন্তব্য করেন এবং বলেন বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর তথ্য ৫০ ভাগের বেশি নির্ভরযোগ্য নয় যা দিয়ে উক্ত প্রণীত প্রকল্প বাস্তবায়ন করা যাবে। তাই মাঠে গিয়ে Pre-Survey করার প্রয়োজন এবং সেক্ষেত্রে মাঠ পরিদর্শন করে Baseline Survey করার বিষয়টি উক্ত প্রকল্পে সংযুক্ত করার পরামর্শ দেন।

Baseline Survey করতে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ও বাংলাদেশ রাবার বোর্ডের একজন প্রতিনিধি মূখ্য আলোচকের সাথে থাকবেন মর্মে উপস্থিত সকলে মত ব্যক্ত করেন।

এছাড়াও চেয়ারম্যান Mono Crop Cultivation এর পাশাপাশি Intercropping করলে জীববৈচিত্র্য সংরক্ষণ নিশ্চিত করা যায় বলে জানান। তাই তিনি Intercropping সংযুক্ত করে কীভাবে এটি সংশোধন করা যায় তা আমলে নিয়ে প্রকল্পটি সংশোধন করার জন্য কনসালটেন্টকে পরামর্শ দেন। এছাড়া Seed ম্যানেজমেন্ট এর বিষয়টিও আলোচনায় আনেন। এ প্রসঙ্গে জনাব মোঃ মোকছেদুর রহমান একমত পোষণ করেন। তিনি রাবার গাছে (৩-৫) বছর পর্যন্ত অনায়াসে Intercropping করা যাবে বলে মত ব্যক্ত করেন। আর গাছ Mature হলে দূরত্ব বাড়িয়ে এটিকে কার্যকর করা যায় বলে তিনি জানান। সভাপতি বাগানের হালনাগাদ অবস্থা পর্যালোচনা করে ডিপিপি চূড়ান্ত করার বিষয়ে মতব্যক্ত করেন। সেজন্য Baseline Survey করা যায় মর্মে ড. মনারুল ইসলাম জানান। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ও বাংলাদেশ রাবার বোর্ডের প্রতিনিধিসহ কমিটি গঠনপূর্বক Pre-Survey/ Baseline Survey সম্পন্ন করেই গাছের প্রকৃত সংখ্যা, বয়স ইত্যাদি ব্লকভিত্তিক নিরুপণপূর্বক ডিপিপি প্রণয়ন করার উপরে সভাপতি গুরুত্বারোপ করেন।

এরপর সভাপতি সকলকে মূল্যবান মতামতের জন্য ধন্যবাদ জানিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

০১-০১-২০২৪
সৈয়দা সারওয়ার জাহান
চেয়ারম্যান


**নম্বর:** ২২.০৭.০০০০.০০০.১৪.০০১.২৩.১৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম। এবং

২। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।।



১১-০১-২০২৪
জোবাইদা আক্তার
উপ পরিচালক (রুটিন দায়িত্ব)